

উত্তর-পূর্ব ভারতের সর্বাধিক প্রচারিত বাংলা দৈনিক

The Largest Circulated Bengali Daily in North-East India

দৈনিক সংবাদ

আগরতলা • বৃহস্পতিবার • ২৩ পৌষ • ১৪২৬ বাংলা • ৯ জানুয়ারী • ২০২০ • মূল্য : পাঁচ টাকা

Dainik Sambad • 54th Year • Issue : 70 • Thursday • 9th January • 2020 • Price : Rs. 5.00 • ইন্টারনেট সংস্করণ : <http://www.dainiksambad.net>

ISSN-0971-7153

রাজ্যের লেখকের বই ব্রিটিশ গ্রন্থাগারে

সংবাদ প্রতিনিধি

আগরতলা, ৮ জানুয়ারী : মার্কিন যুক্তরাষ্ট্রভিত্তিক সংস্থা আইএএসআর রাজ্যের কৃতি সন্তান ড. অরিজিৎ দাসকে কেমিক্যাল সায়েন্সের উপর সম্মানিত ডিগ্রি ডক্টর অব সায়েন্স (DSc) প্রদান করে। বর্তমানে আগরতলা বিবিএম কলেজের রসায়ন বিভাগের সহকারী অধ্যাপক অরিজিৎ দাসের সুদীর্ঘ গবেষণার ফসল হিসাবে এবার মর্যাদাপূর্ণ ক্যান্সারের গবেষকরা শ্রীদাসের লেখা একটি বইও প্রকাশ করেছেন।

বইটির হার্ড কপি প্রকাশিত হয় এবং ড. দাসের লেখা এই বইটি লণ্ডনের বৃহত্তম গ্রন্থাগার ব্রিটিশ গ্রন্থাগারে সূচিত হয়েছে। এই সাফল্যের জন্য শুভেচ্ছা জানিয়েছেন কলকাতা বিশ্ববিদ্যালয়ের অবসরপ্রাপ্ত অধ্যাপক তথা রসায়নের বিখ্যাত স্কলার অধ্যাপক ড. জি এন মুখার্জি, আইআইটি কানপুরের অধ্যাপক ড. আরএন মুখার্জি, আইআইটি খড়গপুরের রসায়ন বিভাগের অধ্যাপক পি কে চ্যাটার্জি, হায়দ্রাবাদ বিশ্ববিদ্যালয়ের অধ্যাপক ড. এস কে দাস, ক্যালিফোর্নিয়া বিশ্ববিদ্যালয়ের অধ্যাপক ড. ডেলমার লারসেন, ওয়াশাটি বিশ্ববিদ্যালয়ের অধ্যাপক এইচ কে শর্মা, ভিয়েতনামের বিনস বিশ্ববিদ্যালয়ের কেমিস্ট্রি বিভাগের প্রধান অধ্যাপক কাওকু সহ বহু প্রশাসক সম্পাদক।